অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2021 **গভর্নর ক্যাথি হোকল**

অভাবগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তা প্রদান করার জন্য গভর্নর হোচুল ছুটির খেলনা, কোট এবং স্কুলে ব্যবহার্য সামগ্রী সংগ্রহ অভিযানের উদ্বোধন করেন

ডিসেম্বর 9 রাজ্যব্যাপী অভিযান শুরু হচ্ছে

প্রেরিত প্যাকেজগুলি এম্পায়ার স্টেট প্লাজাতে গৃহীত হবে

খেলনা অভিযানের ফ্লায়ার এখানে উপলব্ধ

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কের বার্ষিক রাজ্যব্যাপী ছুটির দানের অভিযান যা নিউ ইয়র্ক জুড়ে অভাবী পরিবারগুলিকে উপকৃত করবে তা ডিসেম্বর 9 থেকে শুরু হবে বলে ঘোষণা করেছেন। ছুটির দানের মরশুম চলাকালীন সম্প্রদায়ের সংগঠনগুলোকে সহায়তা করতে মানুষের কাছ থেকে নতুন মোড়কবিহীন খেলনা, কোট ও স্কুলে ব্যবহার্য সামগ্রী চাওয়া হচ্ছে।

"নিউ ইয়র্কবাসীদের জন্য এখন আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ পরস্পরের দেখাশোনা করা ছুটির মরশুমের সময়," **গভর্নর হোচুল বলেন।** "মহামারী থেকে হারিকেন ইডা অবধি, আমাদের সঠিরথ নিউ ইয়র্কবাসীরা এই বছর ভীষণ কষ্ট ভোগ করেছেন এবং তাই আমাদের সবাইকে একত্রিত হতে হবে আমাদের মধ্যে যারা সব চেয়ে বেশি ভাগ্যহীন, তাদের দেখাশোনা করার জন্য। আমি প্রতিটি নিউ ইয়র্কবাসীকে উৎসাহ প্রদান করি নিউ ইয়র্কের বার্ষিক খেলনা এবং কোট অভিযানে দান করার জন্য, যাদের পক্ষে তা করা সম্ভব, যা রাজ্য জুড়ে শিশুদের মুখে হাসি ফোটাবে, উষ্ণ, আনন্দময় ছুটি উদযাপন করতে তাদের সহায়তা করে।

অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services) ব্যবসা প্রতিষ্ঠানের ও ব্যক্তিবর্গের পক্ষ থেকে মোড়কবিহীন খেলনা, কোট ও স্কুলে ব্যবহার্য সামগ্রী প্রদানের জন্য রাজ্য জুড়ে বিভিন্ন ড্রপ-অফ স্থান নির্ধারণ করেছে; সংগৃহীত সামগ্রী নিউ ইয়র্কের সুবিধা-বঞ্চিত সম্প্রদায়ের পরিবারগুলীর মধ্যে বিতরণ করা হবে। সামাজিক দূরত্ব এবং হ্যান্ড স্যানিটাইজারের প্রবেশাধিকার সহ যারা দান ছেড়ে যাবেন তাদের নিরাপত্তা নিশ্চিত করতে কোভিড-19 প্রোটোকল স্থাপিত থাকবে। মাস্ক পরা আবশ্যক হবে।

ড্রপ-অফ স্থানগুলো নিম্নরূপ:

- আলফ্রেড ই. স্মিথ বিল্ডিং, 80 সাউথ সোয়ান স্ট্রিট, আলবেনি
- এম্পায়ার স্টেট প্লাজা মেইন কনকোর্স, এম্পায়ার স্টেট প্লাজা, অ্যালবেনি

- করনিং প্লাজা, এম্পায়ার স্টেট প্লাজা, আলবেনি
- এজেন্সি বিল্ডিংস 1,2,3,4 - এম্পায়ার স্টেট প্লাজা, আলবেনি
- রবার্ট আব্রামস বিল্ডিং ফর ল্য অ্যান্ড জাস্টিস এম্পায়ার স্টেট প্লাজা, আলবেনি
- সোয়ান স্ট্রিট বিল্ডিং, কোর 2 অ্যান্ড কোর 3, এম্পায়ার স্টেট প্লাজা, অ্যালবেনি
- হারিম্যান ক্যাম্পাস বিল্ডিং 5, 6, 7, 7A, 8, 12 হ্যারিম্যান ক্যাম্পাস, 1220 ওয়াশিংটন অ্যাভিনিউ, আলবেনি
- টেন এইক বিল্ডিং, 40 নর্থ পার্ল স্ট্রিট, আলবেনি
- 50 উওলফ রোড, অ্যালবেনি
- 625 ব্রডওয়ে, অ্যালবেনি
- হ্যাম্পটন প্লাজা, 38-40 স্টেট স্ট্রিট, অ্যালবেনি
- 44 হল্যান্ড অ্যাভিনিউ, আলবেনি
- 328 স্টেট স্ট্রিট, সেনেক্টেডি
- সেনেটর জন জে. হিউজ স্টেট অফিস বিল্ডিং, 333 ই. ওয়াশিংটন স্ট্রিট, সাইরকিউজ
- ডুলস স্টেট অফিস বিল্ডিং, 317 ওয়াশিংটন স্ট্রিট, ওয়াটারটাউন
- ইউটিকা স্টেট অফিস বিল্ডিং, 207 জেনেসি স্ট্রিট, ইউটিকা
- ইলিয়েনর রুজভেল্ট স্টেট অফিস বিল্ডিং, 4 বারনেট বুলেভার্ড, পোউকিপসি
- হেনডারসন-স্মিথ স্টেট অফিস বিল্ডিং, 107 ব্রডওয়ে, হরনেল
- বিংহ্যামটন স্টেট অফিস বিল্ডিং, 44 হলি স্ট্রিট, বিংহ্যামটন
- NYS স্টেট পুলিশ (NYS State Police), 1155 স্কটসভিল রোড, রচেষ্টার
- হোমার ফোক্স ফেসিলিটি, 28 হইল স্ট্রিট, অনেওন্টা
- ইলেকট্রিক টাওয়ার, 535 ওয়াশিংটন স্ট্রিট, বাফেলো
- পেরি বি. ডুরিয়া স্টেট অফিস বিল্ডিং, 250 ভেটেরানস মেমোরিয়াল হাইওয়ে, হাউপাউজ
- অ্যাডাম ক্লেটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিং, 163 ওয়েস্ট 125তম স্ট্রিট, নিউ ইয়র্ক সিটি
- শার্লি এ. চিসোম স্টেট অফিস বিল্ডিং, 55 হ্যানসন প্লেস, ব্রুকলিন

অনলাইনে অর্ডার করা প্যাকেজগুলো নিম্নলিখিত স্থানগুলিতে পাঠানো যাবে:

এম্পায়ার স্টেট প্লাজা
P1 সাউথ ডক জে
আলবেনি, নিউ ইয়র্ক 12242
NYS হলিডে ড্রাইভ

###